গণপ্রজাতন্ত্রী বাংলাদেশে সরকার
বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়
বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ
বন ভবন, মহাখালী, ঢাকা- ১২১২।

স্মারক নং- ২২.০১.০০০০.১০৬.২৩.০০০.২০২৫- ৫০৪৫ তারিখঃ-৩০ /১২/২০২৫ খ্রি.।

বিষয়:- পোষা পাখি লালন-পালনের জন্য লাইসেন্স ও পজেশন সার্টিফিকেট বাতিল প্রসঙ্গে।

সূত্র:- ১। লাইসেন্স নং- ১৬, তারিখ:- ২৩/০৬/২০২১ খ্রি.।
২। পজেশন সার্টিফিকেট নং- ০৯, তারিখ:- ২৩/০৬/২০২১ খ্রি.।
৩। অত্র দপ্তরের স্মারক নং- ২২.০১.০০০০.১০৬.২৩.০০০.২০২৫.৩০৫৩, তারিখ:- ৩১/০৮/২০২৫ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত ১ ও ২ স্মারক মূলে আপনার নামে পোষা পাখি লালন-পালন খামারের জন্য লাইসেন্স ও পজেশন সার্টিফিকেট প্রদান করা হয়। উক্ত লাইসেন্সের মেয়াদ ২২/০৬/২০২৩ খ্রি, তারিখ ও পজেশন সার্টিফিকেট মেয়াদ গত ২৩/০৬/২০২২ খ্রি. তারিখে শেষ হলেও নবায়নের জন্য আবেদন করা হয় নি।

সূত্রোক্ত ৩ নং স্মারক জারীর তারিখ হতে ১৫(পনের) কার্যদিবসের মধ্যে বর্ণিত লাইসেন্স ও পজেশন সার্টিফিকেট নবায়নের জন্য আবেদন করা না হলে ১৬(ষোল) কার্যদিবসে ইস্যুকৃত লাইসেন্স ও পজেশন সার্টিফিকেট বাতিল করা হবে মর্মে সূত্রোক্ত ৩ নং স্মারক মূলে আপনাকে পত্র প্রেরণ করা হয়েছে। তথাপিও নবায়নের জন্য আবেদন করা হয়নি।

এমতাবস্থায়, সূত্রোক্ত ৩ নং স্মারকের নির্ধারিত সময় অতিবাহিত হওয়ার পরও আপনার নিকট হতে নবায়নের আবেদন না পাওয়ায় অত্র দপ্তর হতে আপনার নামে ইস্যুকৃত পোষা পাখি লালন-পালন খামারের লাইসেন্সের ৩ নং এবং পজেশন সার্টিফিকেটের ২ নং শর্তানুযায়ী ইস্যুকৃত লাইসেন্স ও পজেশন সার্টিফিকেট এতদ্বারা বাতিল করা হলো। উক্ত লাইসেন্স ও পজেশন সার্টিফিকেটের অনুবলে কোন ধরনের কার্যক্রম পরিচালনা করা হতে বিরত থাকার জন্য বলা হলো। আপনার নামে ইস্যুকৃত লাইসেন্স ও পজেশন সার্টিফিকেট এর মূল কপি অত্র দপ্তরে জমা প্রদানের জন্য অনুরোধ জানানো হলো।

৩০/১২/২৫

(শারমীন আক্তার)
বিভাগীয় বন কর্মকর্তা
বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ
বন ভবন, মহাখালী, ঢাকা- ১২১২।

৩০/১২/২৫

জনাব এম. ডি. হাসিপ মাহমুদ
এম. ডি এইচ গ্লোবাল ট্রেড
পিতা- আব্দুল মমিন
গ্রাম- সাতভিটা, পোঃ- নারিশা- ১৩৩২
দোহার, ঢাকা।

বর্তমান ঠিকানা:- ১১/এ-৬, র‍্যাংকিন, ষ্ট্রীট ওয়ারী, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কাযার্থে:-

১। প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
২। প্রধান নিয়ন্ত্রক, আমদানী ও রপ্তানী, ১১১-১১৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা- ১০০০।
৩। পরিচালক, বন্যপ্রাণী অপরাধ দমন ইউনিট, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
৪। বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
৫। কমিশনার অব কাষ্টমস, কাষ্টমস হাউজ, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
৬। উপ-বন সংরক্ষক, রিমস্ ইউনিট, বন ভবন, আগারগাঁও, ঢাকা। বিষয়টি বন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ জানানো হলো।
৭। সহকারী পরিচালক, (Assiatant Director), Livestock Quarantine Station, Terminal-1), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
৮। সহকারী বন সংরক্ষক, ঢাকা সদর, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, ঢাকা।
৯। সহকারী বন সংরক্ষক, গাজীপুর, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, ঢাকা।
১০। মিজ রুবিয়া ইসলাম, বন্যপ্রাণী ও জীববৈচিত্র্য সংরক্ষণ কর্মকর্তা, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, ঢাকা।
১১। মিজ নিগার সুলতানা, বন্যপ্রাণী পরিদর্শক, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, ঢাকা।